



সৈয়দ আবু জাফর উচ্চ বিদ্যালয়

SYED ABU ZAFAR HIGH SCHOOL

Makrail, Madhukhali, Faridpur.

<http://sazhs.bd.education>, E.IIN: 135352, Mobile: 01726094041, E-mail: -s135352@hotmail.com, School code: 5143

স্মারক নং: সৈআজাউবি/নির্বাচন/২০২৬/২০২০

তারিখ: ২২/০৯/২০২৬ খ্রি.

দাতা সদস্য (ভোটার) অন্তর্ভুক্তির জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সৈয়দ আবু জাফর উচ্চ বিদ্যালয়ের সম্মানিত অভিভাবক, শিক্ষানুরাগী, দাতা ও এলাকার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের নতুন "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা, ২০২৪" এর নির্দেশনা অনুযায়ী অত্র বিদ্যালয়ের একটি নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে দাতা সদস্য ভোটার তালিকা প্রণয়ন করা হবে।

বিদ্যালয়ের উন্নয়ন ও শিক্ষার পরিবেশকে আরও সমৃদ্ধ করতে যারা দাতা সদস্য (ভোটার) হতে আগ্রহী, তাঁদেরকে সরকারি বিধিমালা মোতাবেক নির্ধারিত অর্থ বিদ্যালয়ের ব্যাংক হিসাবে জমা প্রদানপূর্বক আগামী ০১ অক্টোবর, ২০২৬ খ্রি. (বৃহস্পতিবার) তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রধান শিক্ষক বরাবর আবেদনপত্র জমা দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

দাতা সদস্য পদের প্রকারভেদ ও আর্থিক পরিমাণের বিবরণ:

ক্রমিক	দাতা সদস্যের শ্রেণী	সর্বনিম্ন জমার পরিমাণ (টাকা)	মন্তব্য
১	আজীবন দাতা সদস্য	৩,০০,০০০/- (তিন লক্ষ টাকা মাত্র)	পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের জমি দানকারী।
২	একবারের/এককালীন দাতা সদস্য	৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা মাত্র)	শুধুমাত্র বর্তমান চলমান কমিটির মেয়াদের নির্বাচনের জন্য প্রযোজ্য।

টাকা জমা দেওয়ার নিয়ম ও শর্তাবলি:

- আগ্রহী প্রার্থীকে সোনালী ব্যাংক পিএলসি, মধুখালী উপজেলা কমপ্লেক্স শাখা-এ হিসাবের নাম: সৈয়দ আবু জাফর উচ্চ বিদ্যালয়, হিসাবনম্বর: ২০০২৪৮০৪০৭৪৯৫৮ -এর অনুকূলে পে-অর্ডার বা সরাসরি জমা রশিদের মাধ্যমে অর্থ প্রদান করতে হবে।
- ব্যাংক জমার মূল রশিদ আবেদনের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।
- নির্ধারিত তারিখ ও সময়ের (০১/১০/২০২৬ খ্রি. বিকাল ৪:০০ ঘটিকা) পর কোনো আবেদন বা অর্থ গ্রহণ করা হবে না এবং তাঁরা খসড়া ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হতে পারবেন না।
- দাতা সদস্য একাধিক হলে তাঁদের মধ্য থেকে বিধি মোতাবেক নির্বাচনের মাধ্যমে ১ (এক) জন দাতা সদস্য প্রতিনিধি ম্যানেজিং কমিটিতে অন্তর্ভুক্ত হবেন।

বিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়ন ও শিক্ষার গুণগত মান বৃদ্ধিতে আপনার আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে,
(প্রধান শিক্ষক/সদস্য সচিব)
এডহক কমিটি
সৈয়দ আবু জাফর উচ্চ বিদ্যালয়
মাকড়াইল, মধুখালী, ফরিদপুর।

সৈয়দ আবু জাফর উচ্চ বিদ্যালয়
প্রধান শিক্ষক
সৈয়দ আবু জাফর উচ্চ বিদ্যালয়
মধুখালী, ফরিদপুর।